# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮০২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

আরবী

وَعَنْ وَائِلِ بْنِ حُجْرٍ: أَنَّهُ أَبْصَرَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ قَامَ إِلَى الصَّلَاةِ رَفَعَ يَدَيْهِ حَتَّى كَانَتَا بِحِيَالِ مَنْكِبَيْهِ وحاذى بإبهاميه أُذُنَيْهِ ثُمَّ كَبَّرَ. رَوَاهُ أَبُو دَاوُدَ. وَفِي رِوَايَةٍ لَهُ: يَرْفَعُ إِبْهَامَيْهِ إِلَى شَحْمَةِ أُذُنَيْهِ

বাংলা

৮০২-[১৩] ওয়ায়িল ইবনু হূজর (রাঃ)হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার জন্য দাঁড়াবার সময় দেখেছেন। তিনি তাঁর দু' হাত কাঁধ বরাবর উপরে উঠালেন। দু' হাতের বৃদ্ধাঙ্গুলি দু'টি কান পর্যন্ত উঠিয়ে 'আল্লা-হু আকবার' বললেন।[1] আবূ দাঊদ-এর আর এক বর্ণনায় আছে, বৃদ্ধাঙ্গুলকে কানের লতি পর্যন্ত উঠালেন।[2]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৭৩৪। কারণ এর সানাদে বিচ্ছিন্নতা রয়েছে। রাবীর উক্তি ثُمَّ كَبَّرَ মুনকার। কারণ সহীহ হাদীসে তাকবীর হাত উত্তোলনের পূর্বে বা সাথে সাথে হবে মর্মে রয়েছে। আর অপর বর্ণনাটিও য‘ঈফ। কারণ তার সানাদে বিচ্ছিন্নতা রয়েছে।

বিঃ দ্রঃ হাত উত্তোলনের সময় বৃদ্ধাঙ্গুলি দ্বারা কর্ণদ্বয়ের লতি স্পর্শ করার ব্যাপারে কোন হাদীস রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রমাণিত নেই। অতএব এরূপ করাটা বিদ্‘আত। সুন্নাত হলো দু' হাতের তালুদ্বয় কর্ণ বা কাঁধ বরাবর করা।

[2] য‘ঈফ : আবূ দাঊদ ৭৩৭। কারণ হাদীসের রাবী ‘আবদুল জাব্বার তার ছেলে থেকে শ্রবণ করেননি। নাবাবী তাকে দুর্বল বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের ইচ্ছা করে দাঁড়াতেন তখন তাঁর দু’ হাত কাঁধ বরাবর উপরে উঠাতেন। তার দু’ বৃদ্ধাঙ্গুল কান বরাবর করতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন